



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৮-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক গ্রাসরুট/তৃণমূল কর্মসূচীর আওতায় অদ্য ১৮-১১-২০২০ তারিখ নীলফামারী, মাদারীপুর ও ফেনী তিনটি ভেন্যুতে গ্রাসরুট/তৃণমূল কার্যক্রমের উদ্বোধন হয়। ৬ (ছয়) টি বয়স ভিত্তিক গ্রুপের মধ্যে ছেলেদের জন্য ৪ (চার) টি গ্রুপ এবং মেয়েদের জন্য ২ (দুটি) টি গ্রুপ নির্ধারণ করে বাছাই করা হয়েছে। বয়স ভিত্তিক গ্রুপে ছেলে ও মেয়েদের বয়স ৮ (আট) বছর থেকে ১৮ (আঠারো) বছর। প্রতি ব্যাচে ছেলেদের সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন এবং মেয়েদের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) জন করে খেলোয়াড় নিয়ে গঠন করা হয়।

মাদারীপুর জেলায় বিকাল ৪.০০ ঘটিকায় মাদারীপুর জেলা স্টেডিয়ামে মাদারীপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ ওবায়দুর রহমান খান, উপজেলা মেয়র জনাব মোঃ খালিদ হোসেন ইয়াদ, মাদারীপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ গোলাম কবির ও সাধারণ সম্পাদক জনাব ত্রিনাথ দাস উদ্বোধন করেন।

ফেনী জেলায় বিকাল ৩.০০ ঘটিকায় ফেনী ভাষা শহীদ সালাম স্টেডিয়ামে জেলা প্রশাসক মোঃ ওয়াহেদুজ্জামান, ফেনী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব মামুনুর রশিদ মিলন, জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক জনাব আমির হোসেন বাহার, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব দেলোয়ার হোসেন মুকুল উদ্বোধন করেন।

নীলফামারী জেলায় বিকাল ৪.০০ ঘটিকায় শেখ কামাল স্টেডিয়ামে জেলা প্রশাসক জনাব হাফিজুর রহমান চৌধুরী, নীলফামারীতে বাফুফে সদস্যও নীলফামারী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব আরিফ হোসেন মুন, জেলা ফুটবল এসোসিয়েশনের সদস্যবৃন্দ উদ্বোধন করেন।

উক্ত কার্যক্রম সপ্তাহে ৬ দিন করে বছরব্যাপী চলমান থাকবে। প্রতিটি খেলোয়াড় সপ্তাহে ৩টি করে প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ করবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।
ফেডারেশন।